

গঙ্গা



লেখকঃ অংকন বসু
 যোগাযোগঃ bankans@gmail.com
 পরিচিতিঃ বর্তমানে আমেরিকায় কর্মরত ও পেশায় ভূতত্ত্ববিদ, সংস্কৃতিমনস্ক অংকনের বহুধা কীর্তির মধ্যে সাহিত্যসৃষ্টি ও আলোচনাও পড়ে। দীর্ঘদিন ধরে তিনি নানান অণুপত্রিকার সঙ্গে যুক্ত, এবং বিদ্যালয়-পত্রিকা থেকে শুরু করে বইমেলায় বিভিন্ন পত্রপত্রিকায় তাঁর লেখা প্রকাশিত হয়েছে। পশ্চিমবঙ্গ ও কলকাতার বাঙালী কৃষ্টিকে পৃথিবীর কোণায় কোণায় ছড়িয়ে দিতে পালকির সম্পাদক অংকন সদাই উৎসাহী ও সচেষ্ট।

একগলা জল, টলটলে পা
 বুকে তোর আঁচল সরে মুক্ত খালি গা।
 মুক্তি চাইছিলি কার বন্দী দুটো হাতে?
 একগলা জল বাড়ে হয় জোয়ারে প্রভাতে।

গঙ্গা, মা গঙ্গা, নম নম বুলি
 দিনেতে বউয়ের কাপড়, রাতে নিজের খুলি।
 গঙ্গা, মা গঙ্গার এক গলা জল বাড়ে
 ধরে খাই ইলিশ আবার গঙ্গারই আহারে।

এক হাঁটু জল যখন, ছেলে ওঠে কোলে
 বাবুরা ধাড়ি খোকা, সারা দেহে ঝোলে।
 খুলে দিস বেল্ট এবং টাই আবার চামড়া দেখাস রোজ
 গগুর লজ্জা পেলোও গঙ্গা জলের খোঁজ।

এক গলা জল, তোর টনটনে জ্ঞান
 শুদ্ধ হয়ে আবার বাড়ি ফেরেন ক্যান?

দুই হাঁটু জল তাও নেইতো কোলাহল,
 নাইলে নগ্ন সেতো কলকাতারও চল।
 প্রথমে গঙ্গা পেলেন খোকার কান্না,
 বাবুরা কান্নাকাটি মোটেও চাননা।

দুই গলা জল বেড়ে ঝাপসা দুটো চোখ,
 ঘুমিয়ে পড়লে মেয়ে দেখে না অশোক।
 তিন গলা জল বেড়ে মৃত মেয়ের গা,
 খুঁটে খাস এঁটো সবার, যত পারিস খা।

জয় মা

দুর্গা বড় মিষ্টি
তার ফুলো ফুলো গাল, হাসি হাসি মুখ কুমোরটুলির সৃষ্টি।
জানো কি? দুর্গা বড় মিষ্টি।

দুর্গা বিরাট পুজো।
কোন প্যাণ্ডেলে কত বেশি বাতি, খবর কাগজে খুঁজো।
তা বটে! দুর্গা বিরাট পুজো।

দুর্গা মানেই ছুটি।
বাঙালী মানেই ভ্রমণ পিপাসু, চালিয়েছ ভটভটি।
ওয়াহ ওয়াহ! দুর্গা মানেই ছুটি।

দুর্গা মানেই জামা,
নতুন কিনেছ, বউকে দিয়েছ, সাদা শাড়ি একা ঠাম্মা।
দারুন! দুর্গা মানেই জামা।

দুর্গা মানেই রোল।
বড়লোকে মারে বাবার পকেট, গরিবের পেটে ঘোল।
ছি ছি! দুর্গা মানেই রোল।

দুর্গা মানেই চাঁদা।
টাকা দিন কাকু, কড়ি দিন মামা, চাঁদা চাই গাদা গাদা।
হে হে। দুর্গা মানেই চাঁদা।

দুর্গা মানেই তুমি,
ঠাকুর দেখতে বেরিয়ে দেখছি চারপাশে মৌসুমী!
আহা, দুর্গা মানেই তুমি।

দুর্গা মানেই সস্তা,
কেউ বেচে জুতো, কেউ বেচে গাড়ি, কিনেছ বস্তা বস্তা।
আহা, দুর্গা মানেই সস্তা।

দুর্গা এবং যানজট,
মিলেমিশে থাকে, মিনি বাসে উঠে সিটে বসে পড় চটপট।
ও হরি, দুর্গা মানেই যানজট।

দুর্গা আমার মা,
যাকে দেখিনিতো আমি বহুকাল জুড়ে, জুতো নেই খালি পা।
তবু, দুর্গা আমার মা।

দুর্গা মানে আরো বহু আছে।
যেকথা বলিনা বলে ফেলি পাছে, থামছি।
শারদীয়া দেশ, আনন্দলোক পড়তে পড়তে ঘামছি।

আসুন দুর্গা মানে ভুলি, কারণ
দুর্গা বেচছে, খাচ্ছে দাচ্ছে, বাড়ছে কুমোরটুলি।
আসুন দুর্গা মানে ভুলি।

আসুন দুর্গা ভাসাই জলে,
বিজয়ার পর কেটে পড়ি সব যে যার আস্তাবলে।
আসুন দুর্গা ভাসাই জলে।

জানি আসছে বছর হবে।
ধনীর দুর্গা আরো ধনী হবে খালি,
রাস্তায় পড়ে ভিখিরির ছেলে সেদিনও চাটবে বালি।

তাই উন্নয়নের কথা,
শারদ প্রভাতে আর যাই বল, সে দাবী মোটে রেখোনা।
যেন হাজারে হাজারে দুর্গা খিদেয় থাকে,
ঢাকের বাজনা যতই বাজাও, খিদে পায় ফাঁকে ফাঁকে।

তাই, বলিনা দুর্গা জয়,
দুর্গতির এই রাজ প্রাসাদে, অসঙ্গতির ভয়।
জানি সব তাতে নির্ভীক, তুমি
রাজনীতি কর, হাত তুলে বল সবটাতে ঠিক ঠিক।

তাই তো?